

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
National Institute of Environment and Climate Change (NIECC)
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.ceccr.gov.bd

স্মারক নং- CECCR Project (Phase-2)/Workshop/ 21/2023/ ১৪০

তারিখঃ ২০ ভাদ্র, ১৪৩২
০৪ সেপ্টেম্বর, ২০২৫

বিষয়: “কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ বাস্তবায়নে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন” শীর্ষক কর্মশালায় প্রতিনিধি প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক পরিবেশ দূষণ রোধে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ প্রণয়ন করা হয়েছে। বর্ণিত বিধিমালার বিধি-৬ এ “বর্জ্য হইতে সম্পদ পুনরুদ্ধার (Resource Recovery) এর ক্ষেত্রে বর্জ্য ক্রমাধিকার (Waste Hierarchy) কে বিবেচনা করিয়া বর্জ্য সৃষ্টির উৎস হইতে চূড়ান্ত পরিত্যজন (Disposal) এর পূর্বে ক্রমানুসারে প্রত্যাখ্যান, বর্জ্য হ্রাসকরণ, পুনর্ব্যবহার, পুনঃচক্রায়ন, পুনরুদ্ধার, পরিশোধন, অবশিষ্টাংশ ব্যবস্থাপনার সকল ধাপ অনুসরণ করিতে হইবে” মর্মে বর্ণিত রয়েছে (বিধিমালার লিংক www.doe.gov.bd)। সে আলোকে ল্যান্ডফিলে বর্জ্য প্রেরণ নূন্যতম পর্যায়ে নিয়ে আসা, বর্জ্য উৎপাদন হ্রাস, পুনঃব্যবহার এবং বর্জ্যের পুনঃচক্রায়নে Circular Economy এর মাধ্যমে Resource Recovery করা ইত্যাদি ক্ষেত্রে কার্যক্রম গ্রহণ করা জরুরী। এক্ষেত্রে, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালার সফল বাস্তবায়ন এবং এ লক্ষ্যে আন্তঃসংস্থা/আন্তঃমন্ত্রণালয় সমন্বয় করা প্রয়োজন।

০২। এ পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ তথা স্থানীয় সরকার কর্তৃপক্ষের সহায়তায় কিভাবে সমন্বিতভাবে বিধিমালার বিধি ৬-এর আওতায় বর্ণিত কার্যক্রম গ্রহণে একটি সমন্বিত কর্মপরিকল্পনা গ্রহণ করা যায় সে বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের Centre for Environment and Climate Change Research (CECCR) Phase-2 প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন National Institute of Environment and Climate Change (NIECC) এর ব্যবস্থাপনায় আগামী ১৮ সেপ্টেম্বর, ২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার “কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ বাস্তবায়নে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন” শীর্ষক কর্মশালা পরিবেশ অধিদপ্তর (নতুন ভবন, ২য় তলা), ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় সকাল ৯:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন স্থানীয় সরকার বিভাগের সচিব মো: রেজাউল মাকসুদ জাহেদী। কর্মশালার সম্ভাব্য সময়সূচী এ সাথে সংযুক্ত করা হলো।

০৩। বর্ণিত কর্মশালায় আপনার মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা হতে কর্মশালার বিষয় সংশ্লিষ্ট এক/একাধিক প্রতিনিধিকে (সংযুক্ত ছক অনুযায়ী ইনপুটসহ) প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো। উল্লেখ্য, কর্মশালার আওতায় একাধিক গ্রুপওয়ার্ক রয়েছে যার তথ্যাদি এ সাথে সংযুক্ত করা হলো।

সংযুক্তি:

- (১) Concept Note
- (২) গ্রুপওয়ার্কের ছক
- (৩) সম্ভাব্য সময়সূচী



ড. ফারহিদা খানম
অতিরিক্ত সচিব

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
ও নির্বাহী পরিচালক

National Institute of Environment and Climate
Change (NIECC)

ইমইল: ceccr.official@gmail.com

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

- ০১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), রাজউক ভবন, ঢাকা-১০০০।
০৬। চেয়ারম্যান, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর, ঢাকা।
০৭। মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন, মান ভবন, ১১৬-এ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
০৮। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৯। প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব) ও বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
১০। প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব) ও বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন।
১৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, কাদিরগঞ্জ, রেল গেট বিন্দুর মোড়, নগর ভবন, রাজশাহী।
১৭। প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ), খুলনা সিটি কর্পোরেশন, ময়লাপোতা মোড়, খুলনা।
১৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন, নগর ভবন, ফজলুল হক এভিনিউ, বরিশাল।
১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, টাউন হল মোড়, রংপুর।
২০। প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) কুমিল্লা সিটি কর্পোরেশন, নগর ভবন, কুমিল্লা।
২১। Managing Director, Unilever Bangladesh Limited, Bir Uttam Mir Shawkat Sarak, Dhaka – 1208
২২। Executive Director, Environment and Social Development Organization – ESDO, House # 8/1, Level # 5, Block # C, Lalmatia, Dhaka-1207, Bangladesh.
২৩। Executive Director, Waste Concern, Road No. 19 New DOHS, Mohakhali, Dhaka.
২৪। Director, Commitment Consultants, House 22, Road 13C, Block E, Banani, Dhaka-1213.
(০৪ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০২ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০২ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০২ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০২ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০২ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০২ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০৫ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ০২ জন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০১ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০১ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০১ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)
(০১ জন প্রতিনিধি মনোনয়নের জন্য অনুরোধসহ)

২৫। পরিচালক (সকল), National Institute of Environment and Climate Change (NIECC), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপপ্রকল্প পরিচালক (উপসচিব), CECCR প্রকল্প (ফেজ-২), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ০৩। পরিচালক (প্রশাসন), পরিবেশ অধিদপ্তর, ঢাকা (অডিটোরিয়াম বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৪। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। একাউন্টস এন্ড এডমিন অফিসার, CECCR প্রকল্প (ফেজ-২) (আপ্যায়নের অনুরোধসহ)।
- ০৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
National Institute of Environment and Climate Change (NIECC)
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.ceccr.gov.bd

“কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ বাস্তবায়নে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন” বিষয়ক কর্মশালা

তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০২৫ ; সময়: সকাল ৯:৩০ ঘটিকা
স্থান: পরিবেশ ভবন অডিটোরিয়াম (নতুন ভবন, ২য় তলা)

১. পটভূমি:

বাংলাদেশের নগরায়ণ ও জনসংখ্যা বৃদ্ধির ফলে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা একটি ক্রমবর্ধমান চ্যালেঞ্জে পরিণত হয়েছে। এ সমস্যা মোকাবেলার জন্য সরকার “কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১” প্রণয়ন করেছে। এই বিধিমালার কার্যকর বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার কর্তৃপক্ষ বিশেষ করে সিটি কর্পোরেশন পর্যায়ে সক্ষমতা বৃদ্ধি ও প্রাতিষ্ঠানিক সমন্বয় অত্যন্ত গুরুত্বপূর্ণ।

২. বর্ণিত বিধিমালার বিধি-৬ এ “বর্জ্য হইতে সম্পদ পুনরুদ্ধার (Resource Recovery) এর ক্ষেত্রে বর্জ্য ক্রমাধিকার (Waste Hierarchy) কে বিবেচনা করিয়া বর্জ্য সৃষ্টির উৎস হইতে চূড়ান্ত পরিত্যজন (Disposal) এর পূর্বে ক্রমানুসারে প্রত্যাখ্যান, বর্জ্য হ্রাসকরণ, পুনর্ব্যবহার, পুনঃচক্রায়ন, পুনরুদ্ধার, পরিশোধন, অবশিষ্টাংশ ব্যবস্থাপনার সকল ধাপ অনুসরণ করিতে হইবে” মর্মে বর্ণিত রয়েছে। সে আলোকে ল্যান্ডফিলে বর্জ্য প্রেরণ নূন্যতম পর্যায়ে নিয়ে আসা, বর্জ্য উৎপাদন হ্রাস, পুনঃব্যবহার এবং বর্জ্যের পুনঃচক্রায়নে Circular Economy এর মাধ্যমে Resource Recovery করা ইত্যাদি ক্ষেত্রে কার্যক্রম গ্রহণ করা জরুরী। এক্ষেত্রে, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালার সফল বাস্তবায়ন এবং এ লক্ষ্যে আন্তঃসংস্থা/আন্তঃমন্ত্রণালয় সমন্বয় করা প্রয়োজন।

৩. উদ্দেশ্য:

- সিটি কর্পোরেশনসমূহে বর্তমানে কীভাবে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা করা হচ্ছে সে সম্পর্কে অবগত হওয়া।
- বিদ্যমান ব্যবস্থায় এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ বাস্তবায়নে কী কী সমস্যা ও চ্যালেঞ্জ রয়েছে তা চিহ্নিত করা।
- অংশগ্রহণকারীদের মতামত ও অভিজ্ঞতার ভিত্তিতে সমস্যাগুলোর সম্ভাব্য সুপারিশ প্রস্তাব করা।
- সংশ্লিষ্ট বিধিমালার আলোকে বাস্তবায়নযোগ্য কর্মপরিকল্পনা তৈরি করার বিষয়ে সহায়তা।

৪. কর্মশালার পদ্ধতি:

- “কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১”-এর মূল বিষয়বস্তু নিয়ে উপস্থাপনা ও ব্রিফিং।
- অংশগ্রহণকারী কর্মকর্তাদের দলগত কার্যক্রমের মাধ্যমে নিজ নিজ শহরের বর্তমান অবস্থা পর্যালোচনা ও উন্নয়নের প্রস্তাব উপস্থাপন।
- অভিজ্ঞতা বিনিময় ও আলোচনা ভিত্তিক অংশগ্রহণমূলক অধিবেশন।

৫. কর্মশালার প্রত্যাশিত ফলাফল:

- বিধিমালার অধীনে সিটি কর্পোরেশন কর্মকর্তাদের আইনগত ও বাস্তবায়নমূলক দায়িত্ব সম্পর্কে পরিষ্কার ধারণা তৈরি হবে।
- প্রতিটি সিটি কর্পোরেশন তাদের দুর্বলতা চিহ্নিত করে প্রাথমিক উন্নয়ন পরিকল্পনার খসড়া প্রস্তুত করতে পারবে।
- পরিবেশসম্মত ও কাঠামোগত বর্জ্য ব্যবস্থাপনার প্রতি প্রতিশ্রুতি ও আন্তঃপ্রাতিষ্ঠানিক সহযোগিতা বৃদ্ধি পাবে।

৬. কর্মশালায় প্রত্যাশিত অংশগ্রহণকারী:

- সিটি কর্পোরেশন সমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।
- পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (MoEFCC), স্থানীয় সরকার বিভাগ, শিল্প মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর (DoE), Waste Concern ও অন্যান্য কারিগরি অংশীদারগণের প্রতিনিধিগণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
National Institute of Environment and Climate Change (NIECC)
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.ceccr.gov.bd

কর্মশালা শিরোনাম: কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ বাস্তবায়নে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন।

স্থান: পরিবেশ ভবন (নতুন ভবন, ২য় তলা), ই/১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭

তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০২৫, সময়: সকাল ৯:৩০ ঘটিকা

সম্ভাব্য সময়সূচী

| সময় | কার্যক্রম | সঞ্চালক/ রিসোর্স পারসন |
|---------------|---|---|
| ৯:০০ - ৯:৩০ | রেজিস্ট্রেশন | |
| ৯:৩০ - ৯:৪০ | স্বাগত বক্তব্য | রুবিনা ফেরদৌসী উপসচিব পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও পরিচালক (প্রশাসন ও অর্থ), NIECC |
| ৯:৪০-১০:১০ | উপস্থাপনা-১ শিরোনাম: কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ | ড. আব্দুল্লাহ আল মামুন উপপরিচালক পরিবেশ অধিদপ্তর, ঢাকা |
| ১০:১০-১০:৪০ | উপস্থাপনা-২ শিরোনাম: বর্জ্য উৎপাদন হ্রাস, পুনঃব্যবহার এবং বর্জ্যের পুনঃচক্রায়ন | আবু হাসনাত মোঃ মাকসুদ সিনহা নির্বাহী পরিচালক Waste Concern |
| ১০:৪০-১০:৫০ | বিশেষ অতিথির বক্তব্য | ড. মোঃ কামরুজ্জামান এনডিসি মহাপরিচালক পরিবেশ অধিদপ্তর |
| ১০:৫০-১১:০০ | বিশেষ অতিথির বক্তব্য | মো: রেজাউল মাকসুদ জাহেদী সচিব স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| ১১:০০-১১:১০ | প্রধান অতিথির বক্তব্য | ড. ফারহিনা আহমেদ সচিব পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| ১১:১০- ১১: ৩০ | চা-বিরতি | |
| ১১: ৩০-১:০০ | গ্রুপওয়ার্ক | <u>পরিচালনায়</u> ড. আব্দুল্লাহ আল মামুন উপপরিচালক পরিবেশ অধিদপ্তর, ঢাকা |
| ১:০০ - ২:০০ | মধ্যাহ্নভোজ | |
| ২:০০ - ৩:৩০ | মুক্ত আলোচনা | <u>সঞ্চালনায়</u> ড. ফাহিমদা খানম অতিরিক্ত সচিব পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও নির্বাহী পরিচালক, NIECC |
| ৩:৩০- ৩: ৪০ | সভাপতির বক্তব্য | ড. ফাহিমদা খানম অতিরিক্ত সচিব পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও নির্বাহী পরিচালক, NIECC |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
National Institute of Environment and Climate Change (NIECC)
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.ceccr.gov.bd

কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ বাস্তবায়নে সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন

গ্রুপ ওয়ার্ক: বর্জ্য ব্যবস্থাপনা বিধি ২০২১ - ধারা ১০ বিশ্লেষণ। উপধারা অনুযায়ী বর্তমান অবস্থা, ঘাটতি ও চ্যালেঞ্জ চিহ্নিতকরণ

তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০২৫, সময়: সকাল ৯:৩০ ঘটিকা

| উপধারার বিস্তারিত | বর্তমান বাস্তবায়ন অবস্থা | ঘাটতি/অসম্পূর্ণতা | চ্যালেঞ্জ/সমস্যা | চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় |
|--|---------------------------|-------------------|------------------|-----------------------------|
| ১. পরিবেশবান্ধব ও স্বাস্থ্যসম্মত উপায়ে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সম্পাদন এবং তফসিলে বর্ণিত নির্দেশনাবলি অনুসরণ; | | | | |
| ২. বর্জ্য হ্রাস, পুনর্ব্যবহার ও পুনঃচক্রায়নসহ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জাতীয় কৌশল এবং নির্দেশনা অনুসরণে ছক ১ এ বর্ণিত কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত পূর্ণাঙ্গ পরিকল্পনা প্রণয়ন; | | | | |
| ৩. প্রণীত পরিকল্পনা স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে কমিটির নিকট দাখিল করা; | | | | |
| ৪. স্থায়ী ব্যবস্থাপনায় বা নিয়োজিত ব্যক্তি, ঠিকাদার সমিতি বা প্রতিষ্ঠান দ্বারা প্রতিটি বাড়ি অথবা অন্য কোনো উৎস হইতে জৈবিকভাবে পচনশীল এবং অপচনশীল কঠিন বর্জ্য ও তফসিল ১ এ উল্লিখিত গার্হস্থ্য ঝুঁকিপূর্ণ কঠিন বর্জ্য তিন শ্রেণিতে পৃথকভাবে সংগ্রহ, পরিবহন ও ব্যবস্থাপনা; | | | | |
| ৫. স্থানীয় সরকার কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে বর্জ্য ফেলা, স্তুপীকরণ এবং পোড়ানোর ব্যাপারে নির্দেশনা জারি করা; | | | | |

| উপধারার বিস্তারিত | বর্তমান বাস্তবায়ন অবস্থা | ঘাটতি/অসম্পূর্ণতা | চ্যালেঞ্জ/সমস্যা | চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় |
|--|---------------------------|-------------------|------------------|-----------------------------|
| ৬. কঠিন বর্জ্য তিনটি পৃথক শ্রেণিতে সংগ্রহের পূর্ব পর্যন্ত স্ব স্ব আবাসস্থল বা প্রাঙ্গণে পৃথক পাত্রে সংরক্ষণের বিষয়ে নির্দেশনা জারি এবং উহার বাস্তবায়ন নিশ্চিতকল্পে নিয়মিত নজরদারি করা; | | | | |
| ৭. আবাসিক এলাকা, হোটেল, রেস্টোরাঁ, বিনোদন কেন্দ্র, পার্ক, শিক্ষা প্রতিষ্ঠান, অফিস, আবাসিক এলাকা, বাগিচ্যিক এলাকা, শিল্প-কারখানা, কসাইখানা, মৎস, ফল ও সবজি বাজার বা আড়ত হইতে পচনশীল বর্জ্য সংগ্রহ এবং পৃথক করিয়া নির্ধারিত স্থানে কম্পোস্টিং বা অন্য কোন পদ্ধতিতে প্রক্রিয়াকরণের ব্যবস্থা গ্রহণ; | | | | |
| (৮) প্রতিষ্ঠান কর্তৃক বা রাস্তার ভ্রাম্যমাণ দোকান হইতে উৎপন্ন উচ্ছিষ্ট খাদ্য, পরিত্যজনযোগ্য প্লেট, কাপ, ক্যান, মোড়ক, নারিকেলের খোল, উদ্ভূত খাদ্য, শাকসবজি, ফল জাতীয় বর্জ্য সংগ্রহের জন্য যথোপযুক্ত পাত্রে সংরক্ষণ করিয়া নির্ধারিত বর্জ্য সংগ্রহ কন্টেইনার বা ভ্যানে জমা করা; | | | | |
| (৯) অবকাঠামো নির্মাণ ও ভাঙন সংশ্লিষ্ট বর্জ্য অন্যান্য বর্জ্য হইতে পৃথকভাবে সংগ্রহ ও অপসারণের ব্যবস্থা গ্রহণ; | | | | |
| (১০) বিধি ৬ এ উল্লিখিত মৌলনীতি অনুসরণে বর্জ্য সংগ্রহ করিয়া পুনর্ব্যবহার, পুনঃচক্রায়ন বা অন্য কোনো ব্যবস্থাপনা পদ্ধতি অনুসরণ; | | | | |
| (১১) গৃহস্থালি হইতে সৃষ্ট কঠিন বর্জ্য এবং নালা ও নর্দমা হইতে উত্তোলিত কঠিন বর্জ্য, মল, বিষ্ঠা আচ্ছাদিত স্থানে জমা করা; | | | | |
| (১২) কঠিন বর্জ্য পৃথকভাবে সংগ্রহপূর্বক যথাযথভাবে আবৃত করিয়া, সরাসরি চূড়ান্ত পরিত্যজনস্থলে অথবা পরিশোধনস্থলে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ; | | | | |

| উপধারার বিস্তারিত | বর্তমান বাস্তবায়ন অবস্থা | ঘাটতি/অসম্পূর্ণতা | চ্যালেঞ্জ/সমস্যা | চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় |
|---|---------------------------|-------------------|------------------|-----------------------------|
| (১৩) চিকিৎসা-বর্জ্যের ক্ষেত্রে চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ এর বিধানাবলি অনুসরণ; | | | | |
| (১৪) স্থায়ী ব্যবস্থাপনায় বা নিয়োজিত ব্যক্তি, ঠিকাদার, সমিতি বা প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত কঠিন বর্জ্য পরিবহনকারী ভ্যান বা গাড়িতে তিন শ্রেণির বর্জ্য পৃথকভাবে পরিবহনের জন্য ভ্যান বা গাড়িতে পৃথক প্রকোষ্ঠের ব্যবহার করা; | | | | |
| (১৫) তিন শ্রেণির বর্জ্য পৃথকভাবে ও আচ্ছাদিত ব্যবস্থায় পরিবহন করা; | | | | |
| (১৬) উৎসে তিন শ্রেণির বর্জ্য পৃথকীকরণের জন্য অর্থাৎ জৈবিকভাবে পচনশীল কঠিন বর্জ্যের জন্য সবুজ, জৈবিকভাবে অপচনশীল কঠিন বর্জ্যের জন্য হলুদ ও গার্হস্থ্য ঝুঁকিপূর্ণ কঠিন বর্জ্যের জন্য লাল রং বিশিষ্ট পৃথক পৃথক প্রকোষ্ঠের ব্যবস্থা রাখা; | | | | |
| (১৭) গৃহস্থালি বা কোনো প্রতিষ্ঠান হইতে সৃষ্ট কঠিন বর্জ্য শ্রেণিভিত্তিক পৃথক পৃথকভাবে সংগ্রহের উদ্দেশ্যে ডাস্টবিন, কন্টেইনার বা সেকেন্ডারি ট্রান্সফার স্টেশনে তিন শ্রেণির বর্জ্য সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ; | | | | |
| (১৮) সাধারণ নাগরিকের সুবিধার্থে বর্জ্যের ধরন অনুযায়ী ডাস্টবিন, কন্টেইনার বা সেকেন্ডারি ট্রান্সফার স্টেশনের নির্দিষ্ট প্রকোষ্ঠ রং অনুযায়ী চিহ্নিতকরণের ব্যবস্থা গ্রহণ; | | | | |
| (১৯) পরিবেশবান্ধব ও স্বাস্থ্যসম্মত উপায়ে তফসিল ২ ও ৩ এ বর্ণিত পদ্ধতি ও মানমাত্রা বজায় রাখিয়া কঠিন বর্জ্য প্রক্রিয়াকরণ, পুনর্ব্যবহার উপযোগীকরণ ও চূড়ান্ত পরিত্যজনের উদ্যোগ গ্রহণ; | | | | |
| (২০) তফসিল ৪ এ বর্ণিত নির্দেশাবলি অনুসরণে পরিবেশসম্মতভাবে বর্জ্যকে জ্বালানিতে রূপান্তরিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; | | | | |

| উপকার বিস্তারিত | বর্তমান বাস্তবায়ন অবস্থা | ঘাটতি/অসম্পূর্ণতা | চ্যালেঞ্জ/সমস্যা | চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় |
|--|---------------------------|-------------------|------------------|-----------------------------|
| (২১) জৈবিকভাবে পচনশীল বা অপচনশীল কঠিন বর্জ্য হইতে সম্পদ আহরণের লক্ষ্যে পরিবেশসম্মত পদ্ধতিতে কম্পোস্টিং, বায়ো-গ্যাস জেনারেশন, রিফিউজ ডিরাইভড ফুয়েল (RDF), সলিড রিকোভার্ড ফুয়েল (SRF), বিদ্যুৎ উৎপাদন, জৈব পচনশীল সার উৎপাদন ও বাস্তবায়নে অগ্রাধিকার প্রদান; | | | | |
| (২২) সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সহিত যৌথ উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনে পচনশীল কঠিন বর্জ্য বিনামূল্যে সরবরাহের ব্যবস্থা গ্রহণ; | | | | |
| (২৩) পুনর্ব্যবহার উপযোগীকরণ বা পুনঃচক্রায়নযোগ্য বর্জ্য সরকারি বা বেসরকারি প্রক্রিয়াকরণ কারখানায় প্রদান; | | | | |
| (২৪) কঠিন বর্জ্য প্রক্রিয়াকরণ ও পুনর্ব্যবহার উপযোগীকরণ কারখানা হইতে পরিত্যক্ত বা উচ্ছিষ্ট এবং জৈবিকভাবে অপচনশীল বর্জ্য মানমাত্রা বজায় রাখিয়া স্যানিটারি ল্যান্ডফিল বা ভস্মীকরণের মাধ্যমে চূড়ান্তভাবে পরিত্যজন করা; | | | | |
| (২৫) নূতন সিটি কর্পোরেশনের অথবা পৌরসভা প্রতিষ্ঠা করিবার সময় নগর ব্যবহার পরিকল্পনায় কঠিন বর্জ্য প্রক্রিয়াকরণ, পরিশোধন, পরিত্যজন এবং ল্যান্ডফিলের জন্য নির্দিষ্ট স্থান অন্তর্ভুক্তকরণ; | | | | |
| (২৬) কঠিন বর্জ্য চূড়ান্তভাবে পরিত্যজনের স্থানে উহার ব্যবহার শুরুর অন্তত ১ (এক) বৎসর পূর্বে নির্বাচন এবং, প্রয়োজনে, উহা অধিগ্রহণের বিষয়ে পদক্ষেপ গ্রহণ; | | | | |
| (২৭) কঠিন বর্জ্য দ্বারা ভূমি ভরাট স্থল নির্বাচনের ক্ষেত্রে পরিবেশগত প্রভাব নিরূপন এবং | | | | |
| (২৮) উৎসে বর্জ্য হ্রাস ও উৎসে বর্জ্য পৃথককরণের বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কর্মসূচি গ্রহণ। | | | | |

ব্যবহার নির্দেশিকা:

- বর্তমান বাস্তবায়ন অবস্থা কলামে আপনার নগর কর্পোরেশন/সিটি কর্পোরেশন বর্তমানে কী করছে তা লিখুন
- ঘাটতি/অসম্পূর্ণতা কলামে বিধির সাথে কোন শর্তগুলি পূরণ হয়নি তা উল্লেখ করুন
- চ্যালেঞ্জ/সমস্যা কলামে বাস্তবায়নে কী কী বাধা রয়েছে তা লিখুন
- চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় কলামে

গুপ্ত মেম্বারদের জন্য পরামর্শ:

- প্রতিটি উপধারা সম্পর্কে আলোচনা করা যেতে পারে।
- বাস্তব উদাহরণ যোগ/ উপস্থাপন করা যেতে পারে।
- প্রতিটি ঘাটতির জন্য সম্ভাব্য একাধিক প্রস্তাব করা যেতে পারে।
- চ্যালেঞ্জ মোকাবেলার কৌশল সমূহ চিহ্নিত করে সে অনুযায়ী সুপারিশ করা যেতে পারে।